# ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি) ঃ

## ভূমিকা ঃ

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস- দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি (আইইউডি, ইমপ্ল্যান্ট) ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি (টিউবেকটমী ও এনএসভি) সেবা প্রদান করে থাকে। তাছাড়াও দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংশ্লিষ্ট অন্যান্য সেবা যেমন ঃ

- পরিবার পরিকল্পনা পদ্ধতির পার্শ্বপ্রতিক্রিয়া ও জটিলতা ব্যবস্থাপনা করা।
- টিউবেকটমী এবং ভ্যাসেকটমি অপারেশনের পর যে সকল দম্পতির জীবিত সকল সন্তান মারা গেছে, তাদের জন্য রিক্যানালাইজেশন অপারেশনের ব্যবস্থা করা।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা কার্যক্রমে ইমপ্রেষ্ট ফান্ড সরবরাহ করা।
- পরিবার পরিকল্পনা কার্যক্রমে ব্যবহৃত জন্ম নিরোধক সামগ্রী (যেমন ঃ আইইউডি, ইমপ্ল্যান্ট), ঔষধ এবং এমএসআর এর Need assessment এবং সে অনুযায়ী সরবরাহ নিশ্চিত করা।
- নতুন জন্মনিরোধক পদ্ধতি কার্যক্রমে চালু করার পূর্বে রিসার্চ কার্যক্রম সম্পাদন করা।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবাদানকারীদের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রদান করা।

সিসিএসডিপি একটি অপারেশনাল প্ল্যান ভিত্তিক উন্নয়ন প্রোগ্রাম, যা বাংলাদেশে দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি বৃদ্ধিকল্পে কাজ করে থাকে।

## পূর্ব ইতিহাস ঃ

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশ সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রামটি সুচনালগ্ন থেকে ধারাবাহিকভাবে পরিচালিত হচ্ছে। ১১৯২ সনের পূর্বে পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতিসমূহের সেবা প্রদান সংক্রান্ত কার্যক্রম ৩টি পৃথক পৃথক প্রকল্প যথাঃ

ক) Voluntary Sterilization Programme (VSP);
খ) IUD Insertion Programme এবং
গ) Norplant Piloting Programme এর মাধ্যমে বাস্তায়িত হত।

বাস্তবায়নের অধিকতর সুবিধার লক্ষ্যে Voluntary Sterilization Programme (VSP) ও IUD Insertion Programme ২টি প্রকল্পকে একীভূত করে ১১৯২ সালের জুলাই মাস হতে পরিবার পরিকল্পনা ক্লিনিক্যাল সার্ভিসেস প্রকল্প (FPCSP) হিসাবে একটি কর্মসূচী চালু করা হয় এবং পরবর্তীতে Norplant Piloting Programme কেও এর আওতায় একীভূত করা হয়। জুলাই ১৯৯৮ হতে জুন ২০০৩ পর্যন্ত HPSP সময়ে এই প্রকল্পটি অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ (প্রজনন স্বাস্থ্য) কর্মসূচীর আওতায় ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস সাব-প্রোগ্রাম হিসাবে অন্তর্ভূক্ত করা হয়। ২০০৩-২০১১ মেয়াদী স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচীতে (HNPSP ২০০৩-২০১১) ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচী (CCSDP) একটি পূর্নাঙ্গ অপারেশনাল প্ল্যান হিসাবে বাস্তবায়িত হয়েছে। চলমান কর্মসূচীতে বতর্মানে ২০১১-২০১৬ মেয়াদী স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর উন্নয়ন কর্মসূচীর (HPNSDP, ২০১১-২০১৬) আওতায় ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচী (CCSDP) অপারেশনাল প্ল্যান হিসাবে বাস্তবায়িত হচ্ছে।

## মূল কার্যক্রম ঃ

### কৌশল ঃ

- পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতাদের মধ্যে বেশী কার্যকর- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতা বাড়ানো।
- পরিবার পরিকল্পনা সেবার গুনগত মান বৃদ্ধি।
- দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি বৃদ্ধিকল্পে বাড়ী বাড়ী পরিদর্শন করতঃ কাউন্সেলিং সেবা জোরদার করা।
- পরিবার পরিকল্পনা কার্যক্রমে পুরুষদের অংশগ্রহণ বৃদ্ধি করা। প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা জোরদার করা।

- পরিবার পরিকল্পনা কার্যক্রম জনগণের দোড়গোড়ায় পৌঁছে দেয়া।

**ফলাফল ঃ**

- মেথড মিক্স সিপিআর-এ দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি বৃদ্ধি করা।
- পরিবার পরিকল্পনা পদ্ধতির ড্রপ আউট কমানো
- টিএফআর কমানো।
- জনগণের দোড়গোড়ায় দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা পৌঁছানো।
- অপূরনীয় চাহিদার হার কমানো।

## ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি) এর অপারেশনাল প্ল্যানঃ

**সাধারণ উদ্দেশ্য ঃ**

এই অপারেশনাল প্ল্যানের মূল উদ্দেশ্য হচ্ছে ২০১৬ সালের মধ্যে TFR ২.৩ থেকে কমিয়ে ২.০০ এ নামিয়ে আনা এবং CPR ৬১.২% থেকে ৭২% এ উন্নীত করা, মাতৃ মৃত্যুর হার (MMR) ১.৯৪ থেকে ১.৪৩ এ নামিয়ে আনা যেখানে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ২০% অংশিদারিত্ব থাকবে।

**মূল উদ্দেশ্য ঃ**

- মেথড মিক্স CPR এ দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির অংশিদারিত্ব ২০% এ উন্নীত করা যা নিম্নলিখিত বিষয়গুলি অর্জনে সহায়তা করবে ঃ
  - ক) ২০১৬ সালের মধ্যে প্রতিস্থাপন যোগ্য উর্বতা অর্জনে সহায়তা করা।
  - খ) পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের মধ্যে বেশী কার্যকর দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতা বাড়বে।
- পরিবার পরিকল্পনা কার্যক্রমে এনএসভি গ্রহীতার হার বৃদ্ধি করা বিশেষ করে পুরুষদের অংশগ্রহণ বৃদ্ধি করা।
- আঞ্চলিক সুপারভাইজার, এফপিসিএসটি-কিউএটি গণের মাধ্যমে সেবাদানকারীদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি সমূহের এবং সেবার গুনগতমানের নিশ্চয়তা প্রদান করা।
- পরিবার পরিকল্পনা সেবার অপূরণীয় চাহিদা ১৩.৫% থেকে কমিয়ে ৯% এ আনা।
- পরিবার পরিকল্পনা পদ্ধতে ছেড়ে দেয়ার হার ৩৫.৭% থেকে ২০% এ নামিয়ে আনা।
- বাল্য বিবাহ দূর করা। ”দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়” এই শ্লোগান কে ২০১৬ সালে মধ্যে জনগণের দোড়গোড়ায় পৌঁছে দিয়ে দুটি জন্মের মাঝে পর্যাপ্ত বিরতী নিশ্চিত করা।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবার মাধ্যমে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার কমিয়ে আনা।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সমূহের সরবরাহ নিশ্চিত করা।